কুষ্টিয়ায় সনাক ও ইয়েস গ্রুপের সমন্বয় সভা অনুষ্ঠিত

জাগ্রত বিবেক, দূর্জয় তারুণ্য-দূর্নীতি রুখবেই স্লোগানে কুষ্টিয়ায় সনাক ও ইয়েস গ্রুপের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরে জগতি চিনিকল এমডির বাংলোয় এ সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন, সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু, সহসভাপতি আসমা আনসারী মিরু, মিজানুর রহমান লাকী, ইয়েস গ্রুপের আহবায়ক এবং সনাক সদস্য তারিকুল হক তারিক, টিআইবির এরিয়া ম্যানেজার মো: রায়হানুল ইসলাম।

সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার সভাপতি আলহাজ্ব রফিকুল আলম টুকু বলেন, কুষ্টিয়ায় সনাক গঠনের পর থেকে আমরা কুষ্টিয়ায় দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলন পরিচালনা করে যাচ্ছি। এই আন্দোলনে সনাকের পাশাপাশি ইয়েস ও এসিজি সদস্যরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এই সমন্বয় সভা সদস্যদের দুর্নীতিবিরোধী সামাজিক আন্দোলনে সক্রিয় করতে ভূমিকা পালন করবে বলেও মত দেন তিনি। পাশাপাশি তিনি আরও বলেন, সনাকের লক্ষ্য হলো দুর্নীতির বিরুদ্ধে জনগণকে সচেতন করা এবং দুর্নীতি-অনিয়মের বিরুদ্ধে তথ্য সংগ্রহ তা সমাধানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্বুদ্ধ করা। তিনি সনাক পরিবারের সাথে এসিজি সদস্যদের সম্পৃক্ত হওয়ার জন্য তাদের ধন্যবাদ জানান।

সচেতন নাগরিক কমিটি (সনাক) কুষ্টিয়ার আয়োজিত এ সভায় সনাক ও ইয়েস গ্রুপের সদস্যরা উপস্থিত ছিলেন।

পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মধ্যহ্নভোজের মধ্য দিয়ে শেষ হয়ে এ অনুষ্ঠান।